



ক্যাম্পাস

স্টেট ইউনিভার্সিটিতে নেট জিরো ফেস্টিভ্যাল অনুষ্ঠিত

প্রথম আলো ডেস্ক

স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশে 'নেট জিরো ফেস্টিভ্যাল' ছবি : বিজ্ঞপ্তি

By using this site, you agree to our Privacy Policy. OK

স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশে 'নেট জিরো ফেস্টিভ্যাল' অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের খাদ্য প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা বিভাগ এবং দক্ষিণ কোরিয়া ভিত্তিক স্বেচ্ছাসেবী সংস্থা দেজুয়ান এর আয়োজন করে।

গত ২৩ ও ২৪ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। 'নেট জিরো ফেস্টিভ্যাল' হলো দেজুয়ান আয়োজিত বিশ্বব্যাপী কার্বন নিঃসরণ কমানোর আন্দোলন।

স্টেট ইউনিভার্সিটি ও দেজুয়ানের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর ছবি : বিজ্ঞপ্তি

অনুষ্ঠানের প্রথম দিন স্টেট ইউনিভার্সিটি ও দেজুয়ানের মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়। স্টেট ইউনিভার্সিটির পক্ষে উপাচার্য (মনোনীত) অধ্যাপক চৌধুরী মফিজুর রহমান এবং দেজুয়ানের পক্ষে সংস্থাটির বাংলাদেশ প্রতিনিধি সিও মিকিউং চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় উপস্থিত ছিলেন অনুষ্ঠানের আহ্বায়ক খাদ্য প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা বিভাগের প্রধান মুহাম্মদ শফিউর রহমান।

অনুষ্ঠানের দ্বিতীয়দিন সকালে পরিবেশবান্ধব বিভিন্ন উপাদান নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে পরিবেশবান্ধব মোড়ক পরিবেশের ওপর বিরূপ প্রভাব কমিয়ে কীভাবে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে পারে সে সম্পর্কে আলোকপাত করা হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে 'নেট জিরো ফেস্টিভ্যাল' ও কোরিয়ার সংস্কৃতি নিয়ে বিনোদনমূলক ও

By using this site, you agree to our Privacy Policy.



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো
করুন



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো